

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 29-10-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, জনজাতিদের উন্নয়নের স্বার্থে রাজ্য বাজেটের প্রায় ৪০ শতাংশ এডিসিকে প্রদান করা হচ্ছে।
- (২) জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, জনজাতিদের সার্বিক উন্নতি বিধানে রাজ্য সরকার নিরলসভাবে কাজ করে চলেছে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতের সামুদ্রিক ক্ষেত্র দ্রুত ও শক্তির সঙ্গে এগিয়ে চলেছে।
- (৪) রবীন্দ্র শতবার্ষিকী ভবনে তিনদিনব্যাপী রাজ্যভিত্তিক কলা উৎসব শুরু হয়েছে।
- (৫) কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় ত্রিপুরা ৩ উইকেটে পন্ডিচেরিকে পরাজিত করেছে।

\*\*\*\*\*

**CM-Golaghati :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, জনজাতিদের উন্নয়নের স্বার্থে রাজ্য বাজেটের প্রায় ৪০ শতাংশ এডিসিকে প্রদান করা হচ্ছে। বিজেপি-র উদ্যোগে আজ সিপাহীজলা জেলার গোলাঘাটি কমিউনিটি হলে আয়োজিত এক সভায় তিনি একথা বলেন। তিনি বলেন, জনজাতিদের উন্নয়নে প্রকল্পগুলি রাজ্যে যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। ধরতি আবা জনভাগীদারী অভিযানে ত্রিপুরা শ্রেষ্ঠ রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে। সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিজেপির রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য,

সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা, সিপাহীজলা জেলা কমিটির সভাপতি  
বিপ্লব চক্রবর্তী প্রমুখ।

\*\*\*\*\*

#### **TW Minister :**

জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, জনজাতিদের  
সার্বিক উন্নতি বিধানে রাজ্য সরকার নিরলসভাবে কাজ করে চলেছে।  
জনজাতিদের মধ্যে শিক্ষার সুযোগ সম্প্রসারণে প্রয়োজনের ভিত্তিতে রাজ্যে  
আরো ছাত্রাবাস গড়ে তোলা হবে। আজ কুমারঘাট পঞ্চায়েত সমিতি হলে  
এক পর্যালোচনা বৈঠকে তিনি একথা বলেন। বৈঠকে গ্রামোন্নয়ন, স্বাস্থ্য,  
কৃষি, শিক্ষা, পানীয় জল ও স্বাস্থ্যবিধি, পুঁর্ত, জনজাতি কল্যাণ প্রভৃতি  
দপ্তরের চলমান কর্মধারার অগ্রগতি নিয়ে আলোচনা ও মতবিনিময় করা  
হয়। তাছাড়া কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের বাস্তবায়ন বিষয়েও  
পর্যালোচনা করা হয়। বৈঠকে কুমারঘাট BAC'র চেয়ারম্যান তপনজয়  
রিয়াং, বোর্ডিং কমিটির চেয়ারপার্সন রাধামালা দেববর্মা, জেলা কল্যাণ  
আধিকারিক দীপঙ্কর দাস প্রমুখ।

\*\*\*\*\*

#### **Mukhyomontri Samipeshu :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় মুখ্যমন্ত্রী সমীপেশু  
অনুষ্ঠানে রাজ্যের বিভিন্ন অঞ্চল থেকে আগত জনগণের সমস্যার কথা  
শোনে এবং তা দ্রুত নিরসনের নির্দেশ দেন। উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব  
কিরণ গিত্যে সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা।

\*\*\*\*\*

#### **Tripex-2025 :**

ডাক বিভাগের উত্তর-পূর্ব সার্কেলের তিনদিন ব্যাপী ডাকটিকিট প্রদর্শনী  
'ট্রাইপেক্স - ২০২৫' আজ থেকে আগরতলার নজরুল কলাক্ষেত্র ও ললিত  
কলা একাডেমির প্রদর্শনী হলে শুরু হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে ইন্ডিয়ান ন্যাশনাল আর্ট এন্ড কালচারাল হেরিটেজ, ত্রিপুরা চ্যাপ্টারের আহ্বায়ক মহারাজ কুমারী প্রজ্ঞা দেববর্মণ, উত্তর পূর্বাঞ্চলের ১ নম্বর রিজিওনাল পোস্টমাস্টার জেনারেল জোসেফ লালরিনসাইলোভা, ডাক বিভাগের নিবন্ধনকৃত জুরি ও ফিলাটেলিক কংগ্রেস অব ইন্ডিয়া'র সদস্য রাজেশ বুনবুনওয়ালা, প্রয়াগরাজ ফিলাটেলিক সোসাইটির সভাপতি রাহুল গাঙ্গুলী প্রমুখ উপস্থিত ছিলেন। স্বাগত ভাষণে রিজিওনাল পোস্টমাস্টার জেনারেল বলেন, ডাক টিকিট সংগ্রহ একটি বিশেষ শখ। এই ধরনের ডাক টিকিট প্রদর্শনী শিক্ষা মূলক ও তথ্য মূলক হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

ললিত কলা একাডেমী হলে ডাকটিকিট প্রদর্শনীর উদ্বোধন করেন প্রজ্ঞা দেববর্মণ। এখানে দেশ বিদেশের বহু দুপ্রাপ্য ডাক টিকিটের সঙ্গে স্বাধীনতার পর প্রকাশিত ভারতের প্রথম ডাক টিকিটও প্রদর্শিত হয়। অনুষ্ঠানে উত্তর-পূর্ব সার্কলের আওতাধীন উত্তর-পূর্ব রাজ্যগুলির উদ্ভিদ ও প্রাণীজগতের ছবি, ত্রিপুরার উজ্জয়ন্ত প্রাসাদের ছবি সম্বলিত পোস্টকার্ড প্রকাশিত হয়। অনুষ্ঠানে পড়ুয়াদের জন্য ডাক টিকিট বিষয়ক প্রদর্শনী, পোস্টার অঙ্কন, চিঠি লেখা, লেটার বক্স চিত্রকলা ও ফিলাটেলিক কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। উত্তর-পূর্বাঞ্চলের আসাম, মেঘালয়, ত্রিপুরা, মণিপুর, মিজোরাম, নাগাল্যান্ড ও অরুণাচল প্রদেশের বিভিন্ন জেলা থেকে শিক্ষার্থী, যুবসমাজ, শিক্ষক ও সাধারণ নাগরিকরা এই প্রদর্শনীতে অংশ নিয়েছেন।

\*\*\*\*\*

#### **Package Start-Tripex-2025 :**

ডাক টিকিট শুধুমাত্র চিঠিপত্র আদান প্রদানেই সীমাবদ্ধ নয়, ডাক টিকিট একটি দেশের কৃষ্টি, সংস্কৃতি, ঐতিহ্য ও ইতিহাসকে বহন করে। এ নিয়ে শুনুন একটি প্রতিবেদন।

#####VC#####

\*\*\*\*\*

#### **World Stroke Day-Rally :**

বিশ্ব স্ট্রোক দিবস উপলক্ষ্যে আজ আগরতলা সরকারী মেডিকেল কলেজ ও জিবি হাসপাতালের নিউরোলজি ও নিউরো সার্জারি বিভাগের উদ্যোগে একটি রেলি অনুষ্ঠিত হয়। এই রেলিতে হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা অংশ গ্রহণ করেন। এই বছর বিশ্ব স্ট্রোক দিবসের ভাবনা হচ্ছে প্রতিটি মিনিট গুরুত্বপূর্ণ।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **PM, Maritime :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মুম্বাইয়ে ইন্ডিয়া মেরিটাইম উইক ২০২৫-এ মেরিটাইম লিডার্স কনফেভে ভাষণ দেন এবং গ্লোবাল মেরিটাইম সিইও ফোরামের সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে ভাষণে প্রধানমন্ত্রী গ্লোবাল মেরিটাইম লিডার্স কনফেভে সকল অংশগ্রহণকারীদের স্বাগত জানান। কনফেভে জাহাজ চলাচল সম্পর্কিত বেশ কয়েকটি প্রকল্পের সূচনার উল্লেখ করে শ্রী মোদী বলেন যে জাহাজ চলাচল ক্ষেত্রে লক্ষ লক্ষ কোটি টাকার সমঝোতা স্মারক স্বাক্ষরিত হওয়ার বিষয়টি ভারতের সামুদ্রিক সক্ষমতার প্রতি বিশ্বব্যাপী

আস্থার প্রতিফলন ঘটায়। তিনি বলেন, একবিংশ শতাব্দীতে, ভারতের সামুদ্রিক ক্ষেত্র অত্যন্ত দ্রুত এবং শক্তির সঙ্গে এগিয়ে চলেছে।

#####Byte-PM#####

তিনি বলেন যে ২০২৪-২৫ সালে, ভারতের প্রধান বন্দরগুলি সর্বকালের সর্বোচ্চ পরিমাণে পণ্য পরিবহন করে, নতুন রেকর্ড স্থাপন করেছে। প্রধানমন্ত্রী বলেন যে, এই বছর ভারত সামুদ্রিক ক্ষেত্রে পরবর্তী প্রজন্মের সংস্কারের লক্ষ্যে গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে।

তিনি বলেন, গত দশকে ভারতীয় নাবিকের সংখ্যা ১ লক্ষ ৩৫ হাজার থেকে বেড়ে ৩ লক্ষেরও বেশি হয়েছে। আজ, নাবিকের সংখ্যার দিক থেকে ভারত বিশ্বব্যাপী শীর্ষ তিনটি দেশের মধ্যে স্থান করে নিয়েছে। তিনি বলেন যে ভারতের লক্ষ্য নীল অর্থনীতি এবং সুস্থায়ী উপকূলীয় উন্নয়ন।

\*\*\*\*\*

#### **State Kala Utsav :**

সমগ্র শিক্ষা ও বিদ্যালয়ের শিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে আজ থেকে রবীন্দ্র শতবার্ষিকী ভবনে তিনদিনব্যাপী রাজ্যভিত্তিক কলা উৎসব শুরু হয়েছে। উদ্বোধন করেন শিক্ষা দপ্তরের সচিব রাভেল হেমেন্দ্র কুমার। উপস্থিত ছিলেন মাধ্যমিক শিক্ষা দপ্তরের অধিকর্তা নৃপেন্দ্র শর্মা, সমগ্র শিক্ষার প্রকল্প অধিকর্তা রাজীব দত্ত। শ্রী দত্ত তাঁর স্বাগত ভাষণে বলেন ২০১৫ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কলা উৎসবের সূচনা করেছিলেন। তারপর গোটা দেশের সঙ্গে রাজ্যেও এই উৎসবের আয়োজন করা হচ্ছে। তিনি বলেন এই উৎসবের মূল উদ্দেশ্য হচ্ছে শিক্ষার সঙ্গে শিল্পের মেলবন্ধন ঘটানো। স্কুল পড়ুয়াদের মধ্যে লুকিয়ে থাকা প্রতিভাকে বিকশিত করা দেশের মধ্যে তুলে ধরা। এবছর জেলাস্তরে ৩,১৭৩ জন প্রতিযোগী কলা উৎসবে অংশ গ্রহণ করে। তার মধ্য থেকে বাছাইকৃত সেরা ১৯৯ জন প্রতিযোগী রাজ্যভিত্তিক কলা উৎসবে অংশগ্রহণ করেছে। ছয়টি একক ও ছয়টি দলগত বিভাগের সেরা প্রতিযোগীদের জাতীয় স্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য পাঠানো হবে।

\*\*\*\*\*

### **LOP Meeting-Barpathari :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ দক্ষিণ জেলার বড়পাথারীতে সিপিআইএম আয়োজিত এক সভায় বক্তব্য রাখেন। তিনি রাজ্যের পরিস্থিতি বিস্তারিত উল্লেখ করে রাজ্য সরকারের সমালোচনা করেন। বক্তব্য রাখেন প্রাক্তন বিধায়ক সুধন দাস, বাসুদেব মজুমদার ও সিপিআইএম দক্ষিণ জেলার সম্পাদক তাপস দত্ত প্রমুখ।

\*\*\*\*\*

### **GB-MRI :**

আগামী পয়লা নভেম্বর থেকে আগরতলা জিবি হাসপাতালে ডায়াগনসিস, সিটি স্ক্যান এবং এম.আর.আই পরিষেবা দিনরাত ২৪ ঘন্টা চালু থাকবে। হাসপাতালের ডেপুটি মেডিক্যাল সুপার ডাঃ বিকাশ দেববর্মা আজ আকাশবাণীর প্রতিনিধিকে এখবর জানিয়েছেন।

\*\*\*\*\*

### **Blood donation-TGB :**

সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মদিন উপলক্ষে আজ অভয়নগর গ্রামীণ ব্যাংকের প্রধান কার্যালয়ে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, পাঞ্জাব ন্যাশনাল ব্যাংকের অতিরিক্ত মুখ্য ভিজিলেন্স অফিসার রমন কুমার সিং, গ্রামীণ ব্যাংকের জেনারেল ম্যানেজার অনুপ কুমার সাহা। শিবিরে ৮৪ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*

### **BJP Meeting :**

আগরতলায় বিজেপি প্রদেশ কার্যালয়ে আজ এক বৈঠকে আগামী ৩১শে অক্টোবর সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মদিন উপলক্ষে রান ফর ইউনিটি কর্মসূচির প্রস্তুতি নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আহ্বায়নে স্বদেশী দ্রব্য গ্রহণ ও ভোকাল ফর লোকাল কর্মসূচি

বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। উপস্থিত ছিলেন বিজেপি'র সাংসদ ডাঃ সশ্বিত পাত্রা, প্রদেশ প্রভারী ডাঃ রাজদীপ রায়, সাংসদ ও প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য সহ অন্যান্য নেতৃবৃন্দ।

\*\*\*\*\*

#### **CK Naidu :**

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় ত্রিপুরা ৩ উইকেটে পন্ডিচেরিকে পরাজিত করেছে। আগরতলার নরসিংগড়ের পিটিএ মাঠে চতুর্থ তথা শেষ দিনে আজ রাজ্যদল দ্বিতীয় ইনিংসে ৭ উইকেট হারিয়ে জয়ের জন্য ১৫৩ রানের লক্ষ্য পূরণ করে নেয়। এর আগে পন্ডিচেরীর প্রথম ইনিংসের ২৭০ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে ২৭৯ রান করেছিল। ৯ রানে পিছিয়ে থেকে পন্ডিচেরি দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৬১ রান করে।

\*\*\*\*\*

#### **Ranji Trophy :**

ত্রিপুরার সঙ্গে রঞ্জি ট্রফির চারদিনের ম্যাচ খেলতে বাংলা দল আজ আগরতলা এসেছে। আগামী পয়লা নভেম্বর থেকে এম বি বি স্টেডিয়ামে চারদিনের ম্যাচটি শুরু হবে। বাংলা দলের হয়ে খেলতে মহম্মদ সামি সহ একঝাঁক তারকা ক্রিকেটার এসেছেন।

\*\*\*\*\*

#### **Under-19 Cricket :**

জাতীয় অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের টি-২০ ক্রিকেটের তৃতীয় ম্যাচে আজ ত্রিপুরা পরাজিত হয়েছে। নাগপুরের লেডি অমৃতবাই দাগা কলেজ মাঠে অনুষ্ঠিত ম্যাচে মুম্বাই ১০ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। ফলে আসরে টানা তিন ম্যাচে রাজ্যদল পরাজিত হয়।

\*\*\*\*\*

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*